

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি- ২০২৫

আগামী ২০ জানুয়ারি ২০২৫ তারিখ হতে সারাদেশে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হচ্ছে। যাদের জন্ম ০১ জানুয়ারি ২০০৮ বা তার আগে এবং বিগত হালনাগাদে ভোটার যোগ্য যারা বাদ পড়েছেন বা অন্য যেকোন কারণে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে পারেননি; নির্বাচন কমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত তথ্যসংগ্রহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে তাদের তথ্য সংগ্রহ করবেন। এসময় মৃত ভোটারদের ভোটার তালিকা হতে বাদ দেয়ার জন্য তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের এ কার্যক্রম আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত চলবে।

ভোটার হতে যেসব কাগজপত্র লাগবেঃ

- ১৭ ডিজিটের অনলাইন জন্মসনদের কপি
- জাতীয়ত/নাগরিকত্ব সনদের কপি
- নিকট আত্মীয়ের (পিতা-মাতা, ভাই-বোন প্রভৃতি) এনআইডির ফটোকপি
- জেএসসি/এসএসসি/দাখিল/সমমান অথবা অষ্টম শ্রেণি পাশের সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ইউটিলিটি বিলের কপি (বিদ্যুৎ/গ্যাস/পানি/হোল্ডিং ট্যাক্স/টোকিদারি ট্যাক্স রশিদের ফটোকপি)
- প্রবাসী হলে বা পাসপোর্টের কপি (যদি থাকে)

মনে রাখবেন; একাধিকবার ভোটার হওয়া আইনত দণ্ডনীয় অপরাধ। কেউ একাধিকবার ভোটার হলে আঙুলের ছাপ পরীক্ষার মাধ্যমে তা সহজেই শনাক্ত করা যায়।

ছবি তুলে বায়োমেট্রিক গ্রহণসহ নিবন্ধন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিস ও তথ্য সংগ্রহকারীর কাছ থেকে পাওয়া যাবে।

বাংলাদেশ নির্বাচন কমিশন